একই তারিখ ও সূত্রের স্থলে প্রতিস্থাপিত হবে।

"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা।
www.bpdb.gov.bd

নম্বর: ২৭.১১.০০০০.২১০.৪৪.০০১.১৯-২২৭

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮ / ০৬ অক্টোবর ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে সরকারি আদেশ অনুযায়ী প্রচলিত বেতন স্কেল ও ভাতাদিতে রাজস্বখাতভুক্ত **"সহকারী পরিচালক (প্রশাসন), সহকারী পরিচালক (নিরাপত্তা ও অনুসন্ধান), সহকারী পরিচালক (জনসংযোগ), রসায়নবিদ, ক্রয়/ভান্ডার/সিএন্ডএফ কর্মকর্তা এবং সহকারী নিরাপত্তা কর্মকর্তা/আঞ্চলিক গোয়েন্দা কর্মকর্তা"** পদে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ ও প্যানেল তৈরীর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে **Online** এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| **সহকারী পরিচালক (প্রশাসন)**<br>টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>জাতীয় বেতনস্কেল/১৫, (৯ম গ্রেড) | ১১টি | ১ম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণীতে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নহে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিম্ন পদে কমপক্ষে ৮(আট) বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক। |
| **সহকারী পরিচালক (নিরাপত্তা ও অনুসন্ধান)**<br>টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>জাতীয় বেতনস্কেল/১৫, (৯ম গ্রেড) | ০৪টি | ১ম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণীতে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নহে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিম্ন পদে কমপক্ষে ৮(আট) বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক। |
| **সহকারী পরিচালক (জনসংযোগ)**<br>টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>জাতীয় বেতনস্কেল/১৫, (৯ম গ্রেড) | ২টি | সাংবাদিকতায় অনার্সসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা সাংবাদিকতায় ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। কোন জাতীয় দৈনিকে সাংবাদিকতায় ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নহে। |
| **রসায়নবিদ**<br>টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>জাতীয় বেতনস্কেল/১৫, (৯ম গ্রেড) | ০৯টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন শাস্ত্রে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণীতে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নহে। |
| **ক্রয়/ভান্ডার/সিএন্ডএফ কর্মকর্তা**<br>টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>জাতীয় বেতনস্কেল/১৫, (৯ম গ্রেড) | ০৫টি | ১ম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণীতে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নহে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে কর্মরত ফিডার পদে অর্থাৎ স্টোর কিপার-সি/জেটি সুপারভাইজার-বি/স্টক ভেরিফায়ার/কাস্টম ক্লিয়ারিং ইন্সপেক্টর পদে ৩ বৎসর অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্যাডারে ৮ বৎসরের অভিজ্ঞতা এবং স্নাতক ডিগ্রী। |
| **সহকারী নিরাপত্তা কর্মকর্তা/ আঞ্চলিক গোয়েন্দা কর্মকর্তা**<br>১৬,০০০ - ৩৮,৬৪০/-<br>জাতীয় বেতনস্কেল/১৫, (১০ম গ্রেড) | ০২টি | নিরাপত্তা ও অনুসন্ধান বিষয়ক কাজে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নহে। |

**শর্তাবলীঃ**

১। বোর্ডের অধীনে বিভিন্ন স্থাপনায় বিদ্যমান সহকারী পরিচালক (প্রশাসন), সহকারী পরিচালক (নিরাপত্তা ও অনুসন্ধান), সহকারী পরিচালক (জনসংযোগ), রসায়নবিদ, ক্রয়/ভান্ডার/সিএন্ডএফ কর্মকর্তা ও সহকারী নিরাপত্তা কর্মকর্তা/আঞ্চলিক গোয়েন্দা কর্মকর্তার শূন্য পদের বিপরীতে যোগ্য প্রার্থীগণকে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ দেয়া হবে। এ জন্য তাদেরকে বোর্ড কর্তৃক নির্ধারিত লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হতে হবে। নিয়োগের পর ২(দুই) বৎসর সময়ের সন্তোষজনক চাকুরী ও বুনিয়াদি প্রশিক্ষণের ভিত্তিতে প্রচলিত বিধি/বিধান অনুযায়ী নিয়মিত নিয়োগ প্রদান বোর্ড কর্তৃক বিবেচিত হবে। উল্লেখিত সকল পদের ক্ষেত্রে মাইক্রোসফট অফিস (এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ওয়ার্ড প্রসেসিং ইত্যাদি) এর উপর অবশ্যই কম্পিউটার প্রশিক্ষণ থাকতে হবে এবং শিক্ষাগত যোগ্যতা নির্ধারণের জন্য নিম্নের 'ছক' অনুকরণীয়।

(১) শিক্ষা মন্ত্রণালয়ের ০২-০৩-২০১০ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক এস, এস, সি বা সমমান এবং এইচ, এস, সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতূল্য শ্রেণি/বিভাগ |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |

(২) শিক্ষা মন্ত্রণালয়ের ০২-০৬-২০০৯ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতূল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | ১ম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | ২য় শ্রেণি/বিভাগ |

চলমান-২

২। বর্ণিত পদের সমূহের জন্য **বয়সসীমা ২৫.০৩.২০২০ খ্রি: তারিখে ১৮-৩০ বৎসর**।
বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে অনুর্ধ্ব বয়স ৩২(বত্রিশ) বৎসর। তবে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে অনুর্ধ্ব বয়স ৩০(ত্রিশ) বৎসর। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থীগণের (সংশ্লিষ্ট নিম্ন পদে) ক্ষেত্রে অনুর্ধ্ব বয়স ৪০(চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করে পড়াশুনা সম্পাদনকৃত কর্মকর্তা/কর্মচারীগণ বিউবোর্ডের বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে পারবেন। সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক আবেদন করতে হবে।

৪। যে সকল প্রার্থী বিদেশ হতে ডিগ্রী অর্জন করেছেন তাদের বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ইকুইভ্যালেন্স সনদ/প্রত্যায়ন পত্র থাকতে হবে।

৫। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে; উক্ত সময় কম্পিউটার সনদসহ সকল মূল সনদপত্র আনতে হবে এবং ১(এক) সেট সত্যায়িত ফটোকপি সাথে আনতে হবে। দাখিলকৃত সনদপত্র সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুমতি প্রদান করা হবে।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনরুপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৭। ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জারীকৃত ১৮.১০.২০২০ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রে বর্ণিত ৩৩ (তেত্রিশ) ধরণের প্রমাণক/গেজেট এর যেকোন একটিতে আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তার নাম থাকতে হবে। উক্ত নামের সাথে আবেদনপত্রে উল্লিখিত বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম এবং ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।
খ) আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানার সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে।

৮। আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে উক্ত সনদপত্র স্থায়ী ঠিকানার সপক্ষে হতে হবে।

৯। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র থাকতে হবে। জেলা প্রশাসক ব্যতিত অন্য কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।

১০। প্রতিবন্ধী কোটার প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ থাকতে হবে।

১১। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১২। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। উপরে বর্ণিত পদের সংখ্যা প্রয়োজনে **কম/বেশী** হতে পারে।

১৪। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bpdb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।
আবেদনের সময়সীমা নিম্নরুপ:

i. **Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১১-১০-২০২১ খ্রিঃ, সকাল-১০.০০ টা।**

ii. **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১-১০-২০২১ খ্রিঃ, রাত-১২.০০ টা।**
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**
Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s copy পাবেন। উক্ত Applicant`s copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant`s কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-১ হতে ৫ এ বর্ণিত পদে ১০০০/- (এক হাজার) এবং ক্রমিক নং-৬ এ বর্ণিত পদে ৬০০/- (ছয়শত) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: BPDB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: BPDB ABCDEF** Reply: Applicant`s Name, Tk..................... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee type BPDB<Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BPDB<space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: BPDB YES 12345678** Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for BPDB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bpdb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন হবে।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BPDB<space>Help<Space>User<Space>User ID & Send to 16222 নম্বরে।

   Example: BPDB Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে BPDB<space>Help<Space>PIN<Space>PIN No & Send to 16222 নম্বরে।

   Example: BPDB Help PIN 12345678 & send to 16222

ঝ. Online আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে (Mail এর Subject এ Organization Name: BPDB, Post Name****, Applicants User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

***শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(নাসরিন পারভীন)
পরিচিতি নং-০২-০০৪৭
পরিচালক
কর্মচারী পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।